

“৫ম ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১” উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী


সভাপতি	বিপিন চন্দ্র বিশ্বাস উপজেলা নির্বাহী অফিসার, গৌরনদী, বরিশাল
সভার তারিখ	০৬ ডিসেম্বর ২০২১ খ্রি.
সভার সময়	সকাল ১০:৩০ ঘটিকা
স্থান	উপজেলা পরিষদ সভা কক্ষ, গৌরনদী, বরিশাল
উপস্থিতি	তালিকা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় জনাব মোঃ শরিফুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, গৌরনদী, বরিশাল সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা এর “৫ম ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১” উপলক্ষ্যে প্রণীত নির্দেশিকা নিয়ে আলোচনা করেন। তিনি জানান “৫ম ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১” এর প্রতিপাদ্য “ডিজিটাল বাংলাদেশের অর্জন, উপকৃত সকল জনগণ”। তিনি আরো জানান দিবসটির মূল অনুষ্ঠান ঢাকা তে অনুষ্ঠিত হবে, যা উপজেলা পর্যায়ে সরাসরি সম্প্রচার করার জন্য নির্দেশনা আছে। এছাড়াও, উপজেলা পর্যায়ে ‘ডিজিটাল বাংলাদেশের অর্জন, উপকৃত সকল জনগণ’ বিষয়ক সেমিনার, প্রতিপাদ্য বিষয়ের উপর উপস্থিত বক্তৃতা/বিতর্ক প্রতিযোগিতা (৬ষ্ঠ-১০ম শ্রেণি) ও ‘আমার তুলিতে ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন পূরণের গল্প’ বিষয়ের এর উপর চিত্রাংকন (১ম-৫ম শ্রেণি) প্রতিযোগিতা করার জন্য নির্দেশনা আছে। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	পুষ্পস্তবক অর্পণ	জাতির পিতা-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন। তারিখ: ১২ ডিসেম্বর, ২০২১ খ্রি. সময়: সকাল ৯:৪৫ ঘটিকা	উপজেলা উদযাপন কমিটি
০২	বর্ণাঢ্য র্যালী	স্থানীয় জনপ্রতিনিধি, সরকারি-বেসরকারি বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারী, শিক্ষক, ছাত্র-ছাত্রী, সংবাদিক, উদ্যোক্তাদের সমন্বয়ে উপজেলা পরিষদ চত্বরে র্যালী আয়োজন। তারিখ: ১২ ডিসেম্বর, ২০২১ সময়: সকাল ১০:০০ ঘটিকা	উপজেলা উদযাপন কমিটি
০৩	সেমিনার	“৫ম ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১” উপলক্ষ্যে ১২ ডিসেম্বর, ২০২১ খ্রি. তারিখ সকাল ১০.১৫ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষ, গৌরনদী, বরিশাল-এ “ডিজিটাল বাংলাদেশের অর্জন, উপকৃত সকল জনগণ” বিষয়ের উপর সেমিনার হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা উদযাপন কমিটি

০৪	উপজেলা পর্যায়ে 'উপস্থিত বক্তৃতা/বিতর্ক' প্রতিযোগিতা	মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের জন্য ডিজিটাল বাংলাদেশের অর্জন, উপকৃত সকল জনগণ" সম্পর্কিত বিষয়ের উপর 'উপস্থিত বক্তৃতা' প্রতিযোগিতা আয়োজন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। তারিখ: ১১ ডিসেম্বর, ২০২১ খ্রি., রোজ শনিবার সময়: সকাল ১০:০০ ঘটিকা	উপ-কমিটি (উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা যুব উন্নয়ন অফিসার, সহকারী প্রোগ্রামার)
০৫	উপজেলা পর্যায়ে 'চিত্রাংকন' প্রতিযোগিতা	প্রাথমিক পর্যায়ে শিক্ষার্থীদের জন্য "আমার তুলিতে ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন পূরণের গল্প" বিষয়ক 'চিত্রাংকন' প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। তারিখ: ১১ ডিসেম্বর, ২০২১ খ্রি., রোজ শনিবার সময়: সকাল ১০:০০ ঘটিকা	উপ-কমিটি (উপজেলা শিক্ষা অফিসার, সহকারী প্রোগ্রামার, আর্ট বিষয়ে অভিজ্ঞ একজন শিক্ষক)
০৬	অনলাইন কুইজ প্রতিযোগিতা	সারাদেশব্যাপী অনলাইন কুইজ প্রতিযোগিতা ( <a href="http://quiz.digitalbangladesh.gov.bd">quiz.digitalbangladesh.gov.bd</a> ) সম্পর্কে সামাজিক যোগাযোগ মাধ্যম ও ওয়েব পোর্টালের মাধ্যমে অধিকমাত্রায় প্রচার করা হবে।	১। উপজেলা উদ্যাপন কমিটি ২। ইউডিসি উদ্যোক্তা (সকল)
০৭	ব্র্যান্ডিং ও প্রচার	০১। দিবস উদযাপন উপলক্ষে অনুমোদিত ডিজাইনসমূহ অনুসরণপূর্বক অগ্রিম প্রচারের নিমিত্তে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ব্যানার ও ফেস্টুন প্রদর্শন করা হবে। ০২। ফেসবুকের মাধ্যমে প্রচার করা হবে। ০৩। স্থানীয় ক্যাবল মিডিয়া, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াতে প্রচার করা হবে।	১। উপজেলা উদ্যাপন কমিটি ২। ইউডিসি উদ্যোক্তা (সকল)
০৮	মূল অনুষ্ঠান সম্প্রচার	দিবসের মূল অনুষ্ঠানটি ১২ ডিসেম্বর, ২০২১ তারিখ সকাল ১১.৩০ টায় প্রজেক্টর/এলইডি টিভির মাধ্যমে উপজেলা, ইউনিয়ন পর্যায়ে এবং শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে এমন শিক্ষা প্রতিষ্ঠানে সরাসরি সম্প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা উদ্যাপন কমিটি ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ৩। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, গৌরনদী

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



বিপিন চন্দ্র বিশ্বাস

উপজেলা নির্বাহী অফিসার, গৌরনদী, বরিশাল

স্মারক নম্বর: ৫৬.০৪.০৬৩২.০০০.২৩.০০৩.২১.৯০

তারিখ: ২১ অগ্রহাষণ ১৪২৮

০৬ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) আলহাজ্ব আবুল হাসানাত আবদুল্লাহ, মাননীয় সংসদ সদস্য, বরিশাল-১ ও আহ্বায়ক(মন্ত্রী), পার্বত্য শান্তি চুক্তি বাস্তবায়ন কমিটি
- ২) পরিচালক (অর্থ ও প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
- ৩) জেলা প্রশাসক, বরিশাল
- ৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গৌরনদী, বরিশাল
- ৫) মেয়র, গৌরনদী পৌরসভা, বরিশাল

- ৬) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল  
৭) ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গৌরনদী, বরিশাল  
৮) উপজেলা.....কর্মকর্তা, গৌরনদী, বরিশাল  
৯) চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, গৌরনদী, বরিশাল



মোঃ শরিফুল ইসলাম  
সহকারী প্রোগ্রামার